# বার্ষিক প্রতিবেদন

২০২১-২০২২

প্রকাশকাল : অক্টোবর,২০২২


বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ
সমাজকল্যাণ মন্ত্রণালয়
২২৪/১ নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০
www.bnswc.gov.bd

# বার্ষিক প্রতিবেদন: ২০২১-২০২২

সম্পাদনা পর্ষদ

| | | |
|---|---|---|
| প্রধান সম্পাদক | : | মোহাম্মদ জসিম উদ্দিন<br>নির্বাহী সচিব (যুগ্মসচিব) |
| সম্পাদনা সদস্য | : | ভবেন্দ্র নাথ বাড়ৈ<br>উপপরিচালক(প্রশাসন)<br>ফারহানা আক্তার<br>উপপরিচালক(মূল্যায়ন)<br>মোঃ মোহিব্বুল্লাহ<br>সহকারী পরিচালক(প্রশাসন)<br>মোঃ নজরূল ইসলাম<br>হিসাবরক্ষণ কর্মকর্তা |
| মুদ্রাক্ষরিক | : | মোহাম্মদ আমিনুল ইসলাম সিকদার<br>সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর<br>রেনুকা সুলতানা রেনু<br>লাইব্রেরী সহকারী |
| প্রচ্ছদ | : | |
| স্থির চিত্র ধারণ | : | মোঃ মাসুম বিল্লাহ<br>হিসাব সহকারী<br>মোঃ আব্দুল বারেক<br>ফটোকপি মেশিন অপারেটর |
| মুদ্রণ | : | |
| যোগাযোগ | : | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ<br>সমাজকল্যাণ মন্ত্রণালয়<br>২২৪/১ নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০<br>ফোন : ০২-২২২২২৮১২৫, ফ্যাক্স : ৫৮৩১২৮৪৫<br>Email:bnswcbd@gmail.com<br>Web: www.bnswc.gov.bd |

## সূ | চী | প | ত্র


| ক্রমিক | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ১. | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ পরিচিতি | |
| ১.১ | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের লক্ষ্য ও উদ্দেশ্য | |
| ১.২ | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের কার্যাবলি | |
| ১.৩ | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ পরিচালনা বোর্ড | |
| ১.৪ | পরিষদের নির্বাহী কমিটি | |
| ১.৫ | নির্বাহী কমিটির দায়িত্ব ও কার্যাবলি | |
| ২. | জেলা সমাজকল্যাণ কমিটি | |
| ২.১ | জেলা সমাজকল্যাণ কমিটির গঠন | |
| ২.২ | জেলা সমাজকল্যাণ কমিটির কার্যাবলি | |
| ২.৩ | জেলা সমাজকল্যাণ কমিটির অনুকূল প্রদত্ত অনুদান কি কি কাজে ব্যয় করা হয় | |
| ৩. | উপজেলা সমাজকল্যাণ কমিটি | |
| ৩.১ | উপজেলা সমাজকল্যাণ কমিটির গঠন | |
| ৩.২ | উপজেলা সমাজকল্যাণ কমিটির কার্যাবলি | |
| ৩.৩ | উপজেলা সমাজকল্যাণ কমিটির অনুকূল প্রদত্ত অনুদান কি কি কাজে ব্যয় করা হয় | |
| ৪. | সমাজকল্যাণ ভবন নির্মাণ | |
| ৫. | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের ২০২১-২২ অর্থবছরের আয় ও ব্যয় বিবরণী | |
| ৬. | পরিষদ পরিচালনা বোর্ড সভা অনুষ্ঠান | |
| ৭. | নির্বাহী কমিটির সভা অনুষ্ঠান | |
| ৮. | ২০২০-২১ অর্থবছরের উল্লেখযোগ্য কার্যক্রম | |
| ৮.১ | এক নজরে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের ২০২১-২২ অর্থবছরের কার্যক্রম | |
| ৮.২ | জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠান সমূহকে অনুদান | |
| ৮.৩ | রোগীকল্যাণ সমিতি সমূহকে অনুদান | |
| ৮.৪ | শহর সমাজ উন্নয়ন প্রকল্প পরিষদকে অনুদান | |
| ৮.৫ | অপরাধী সংশোধন ও পুর্নবাসন সমিতিকে অনুদান | |
| ৮.৬ | নিবন্ধিত সাধারণ স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানকে অনুদান | |
| ৮.৭ | ২০২১-২২ অর্থবছরে অনুদানপ্রাপ্ত স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানসমূহের বিভাগ ও জেলাওয়ারী পরিসংখ্যান | |
| ৮.৮ | চা বাগান শ্রমিকদের জন্য টেকসই আবাসন নির্মাণ | |
| ৮.৯ | জেলা সমাজকল্যাণ কমিটি | |
| ৮.১০ | উপজেলা সমাজকল্যাণ কমিটি | |
| ৯. | বিভিন্ন জেলায় চেক বিতরণের আলোকচিত্র | |
| ১০. | মানব সম্পদ উন্নয়ন | |
| ১০.১ | গবেষণা, সেমিনার ও কর্মশালা আয়োজন | |
| ১০.২ | প্রশিক্ষণ কার্যক্রম | |
| ১০.৩ | প্রশিক্ষণ কর্মসূচির সংক্ষিপ্ত বিবরণ | |
| ১১. | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের বিগত ৫০ বছরের সাফল্য | |
| ১২. | ভবিষ্যৎ পরিকল্পনা | |
| ১৩ | জাতীয় শোক দিবস-২০২০ উদযাপন | |
| ১৪ | পরিদর্শন | |
| ১৫ | বিবিধ | |
| ১৬ | জাতীয় সমাজকল্যাণ পরিষদের কর্মকর্তাগণের নাম, পদবী ও ফোন নম্বর | |
| ১৭ | পরিশিষ্ট- | |


# ১. বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ পরিচিতি

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন প্রাচীনতম প্রতিষ্ঠান। ১৯৫৬ সালের ০২ জানুয়ারি প্রতিষ্ঠিত হয়ে ২০২২ সালে আর্তমানবতার কল্যাণে ৬৬ বছর অতিক্রম করেছে এ দপ্তর। স্বাধীনতা পূর্ববর্তী সময়ে গঠিত

প্রাচীন এই এ দপ্তরের রয়েছে সুদীর্ঘ ইতিহাস। সমাজকল্যাণমূলক কার্যক্রমের জাতীয় চাহিদা পূরণের লক্ষ্যে ১৯৫৬ সালে তৎকালীন কেন্দ্রীয় ও প্রাদেশিক সরকার একটি রেজ্যুলিউশনের পরিষদ গঠন করে। বিভিন্ন সামাজিক সমস্যা নিরসনে সমাজকল্যাণমূলক কার্যক্রম, অনুদান কর্মসূচি, স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠানকে সহায়তা, জরিপ, গবেষণা ও মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করে থাকে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাসনামলে ১৯৭২ সালে রেজ্যুলিউশন পরিবর্তনের মাধ্যমে এ প্রতিষ্ঠানের নামকরণ করা হয় বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ। যুদ্ধোত্তর দেশে উদ্ভূত বিভিন্ন সামাজিক সমস্যা নিরসনের লক্ষ্যে এ প্রতিষ্ঠান নতুন উদ্যোগে কাজ করে যাচ্ছে। দেশে সমাজকল্যাণমূলক কার্যক্রমের পরিধি বৃদ্ধির সাথে সাথে পরবর্তীতে বিভিন্ন সময়ে এ রেজ্যুলিউশন সংশোধন করা  হয়েছে। ২৯ এপ্রিল, ২০১৯ খ্রিস্টাব্দে মহান জাতীয় সংসদে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইন-২০১৯ পাস হয়েছে। এ আইন অনুযায়ী বিধিমালা তৈরি করে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। আশা করা যায়, খুব শীঘ্রই বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ বিধিমালা, চাকুরি বিধিমালা ও সাংঠনিক কাঠামো অনুমোদন ও প্রজ্ঞাপনের মাধ্যমে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইন-২০১৯ পুরোপুরি কার্যকর হবে। বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ পরিচালনা বোর্ডের বর্তমান সদস্য সংখ্যা ৮৪ জন। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী পরিচালনা বোর্ডের সভাপতি, মাননীয় প্রতিমন্ত্রী পরিচালনা বোর্ডের সহসভাপতি। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের নেতৃত্বে পরিষদের সিদ্ধান্ত ও কার্যক্রম বাস্তবায়নের জন্য ১৯ সদস্য বিশিষ্ট একটি নির্বাহী কমিটি রয়েছে। পরিষদ পরিচালনা বোর্ড ও নির্বাহী কমিটির সদস্য সচিবের দায়িত্ব পালন করেন বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের নির্বাহী সচিব। পরিষদের লক্ষ্য ও কর্মসূচি বাস্তবায়নের জন্য দেশের সকল জেলায় 'জেলা সমাজকল্যাণ কমিটি' এবং সকল উপজেলায় 'উপজেলা সমাজকল্যাণ কমিটি' রয়েছে। তিনটি পার্বত্য জেলা ব্যতীত জেলা সমাজকল্যাণ কমিটির সভাপতি সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক ও সদস্য সচিব জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক। রাঙামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি পার্বত্য জেলাসমূহে সমাজকল্যাণ পরিষদের সভাপতি সংশ্লিষ্ট পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান। পার্বত্য জেলাসমূহে জেলা সমাজকল্যাণ কমিটির সদস্য সচিব অন্যান্য জেলার ন্যায় জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক। উপজেলা সমাজকল্যাণ কমিটির  সভাপতি সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী অফিসার ও সদস্য সচিব সংশ্লিষ্ট উপজেলার উপজেলা সমাজসেবা কর্মকর্তা। মাঠ পর্যায়ে পরিষদের নিজস্ব কোন কার্যালয় ও জনবল না থাকায় সমাজসেবা অধিদফতরের অধীন জেলা ও উপজেলা সমাজসেবা কার্যালয়ের মাধ্যমে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের মাঠ পর্যায়ের কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়ন করে থাকে

**১.১ পরিষদের মিশন ও ভিশন**

(১) মিশন: যত্নশীল, নিরাপদ ও উন্নত সমাজ বিনির্মাণ।

(২) ভিশন: সমাজের পশ্চাৎপদতার ক্ষেত্র চিহ্নিতকরণের মাধ্যমে পিছিয়েপড়া জনগোষ্ঠির সামাজিক জীবনমান উন্নয়ন ও সমাজের সার্বিক কল্যাণ সাধন ।

১.২ পরিষদের কার্যাবলি

(ক) সমাজের সকলের বিশেষত নারী, শিশু, অনগ্রসর, সুবিধাবঞ্চিত বা কম সুবিধাপ্রাপ্ত, ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী, অসহায়, দুর্বল, অক্ষম, শারীরিক, মানসিক, বুদ্ধিপ্রতিবন্ধী বা অন্যবিধ কারণে পূর্ণাঙ্গ বা আংশিক অক্ষম, দুর্যোগে বিপদাপন্ন বা ক্ষতিগ্রস্ত, নদীভাঙনে ভিটামাটিহীন ক্ষতিগ্রস্ত বস্তিবাসী, চা-বাগান শ্রমিকসহ দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী জনগোষ্ঠী, নিম্ন আয়ের ব্যক্তি, গোষ্ঠী, শ্রেণি বা সম্প্রদায়ের সার্বিক জীবনমান বা আর্থ-সামাজিক উন্নয়নে আর্থিক অনুদান প্রদান করা;

(খ) সমাজকল্যাণমূলক কার্যে নিয়োজিত বা আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ঋণ, অনুদান ও স্বীকৃতি প্রদান করা;

(গ) সমাজকল্যাণমূলক কর্মকান্ডের সহিত জড়িত প্রতিষ্ঠানের কর্মীদের প্রশিক্ষণ প্রদান করা;

(ঘ) সামাজিক সমস্যা চিহ্নিতকরণ, সমস্যার কারণ এবং প্রতিকারের উপায় নিরূপণে গবেষণা পরিচালনা করা;

(ঙ) সামাজিক গবেষণার জন্য দেশি-বিদেশি স্বীকৃত ও মানসম্পন্ন গবেষণা প্রতিষ্ঠান বা বিশ্ববিদ্যালয়ের সহিত

চুক্তি সম্পাদন ও গবেষণা পরিচালনার ব্যবস্থা গ্রহণ করা;

(চ) সমাজকল্যাণমূলক বিদেশি, আন্তর্জাতিক, বহুজাতিক, বৈশ্বিক সংস্থা বা প্রতিষ্ঠান বা গোষ্ঠীর সহিত যোগাযোগ স্থাপন এবং হালনাগাদ ধারণা, তত্ত্ব, তথ্য, কৌশল, কর্মপন্থা ও উপায় সম্পর্কে জ্ঞান ও তথ্য সংগ্রহ এবং অভ্যন্তরীণ প্রেক্ষাপটে উক্ত কার্যাবলির প্রয়োগযোগ্যতা বিশ্লেষণ এবং ফলাফল নিয়মিতভাবে সরকারকে অবহিত করা;

(ছ) জাতীয় পর্যায়ে সমাজকল্যাণমূলক কর্মকান্ডে সম্পৃক্ত সকল ব্যক্তি, গোষ্ঠী বা সংস্থার মধ্যে সমন্বয় সাধন করা;

(জ) দারিদ্র্য বিমোচন ও সামাজিক নিরাপত্তা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন সমাজকল্যাণমূলক কর্মসূচি বা প্রকল্প গ্রহণ ও অনুমোদন করা;

(ঝ) সমাজের অসচ্ছল রোগীদের চিকিৎসা সহায়তা প্রদান, এতদুদ্দেশ্যে রোগীকল্যাণ সমিতি গঠন এবং ইহার কার্যক্রম তদারকি করা;

(ঞ) সমাজকল্যাণমূলক কর্মকান্ডে জনসম্পৃক্ততা তৈরির লক্ষ্যে প্রচার, প্রচারণা, সভা, সমিতি, সেমিনার, সিম্পোজিয়াম ও কর্মশালার আয়োজন করা;

(ট) পরিষদের কার্যক্রমের বার্ষিক, পঞ্চবার্ষিক ও বিশেষ প্রতিবেদন প্রকাশ করা;

(ঠ) অর্থনৈতিক ও সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠায় সহায়ক যে কোনো উন্নয়নমূলক কর্মকান্ড গ্রহণ করা; এবং

(ড) বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইন ২০১৯-এর উদ্দেশ্য পূরণকল্পে, প্রয়োজনীয় অন্যান্য কার্যাবলি সম্পাদন করা।

### ১.৩ পরিষদ পরিচালনা বোর্ড

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ পরিচালনা বোর্ড বর্তমানে ৮৪ সদস্য বিশিষ্ট। ৮৪ জনের মধ্যে ১৫ জন অফিস বেয়ারার (সদস্য-পদাধিকার বলে), ৫ জন সরকার মনোনীত বিশিষ্ট নাগরিক এবং ৬৪ জেলা থেকে মনোনীত ৬৪ জন বিশিষ্ট সমাজসেবী। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী পরিষদের সভাপতি, মাননীয় প্রতিমন্ত্রী সহসভাপতি এবং পরিষদের নির্বাহী সচিব সদস্য সচিবের দায়িত্ব পালন করেন। পরিচালনা বোর্ড সভা বছরে কমপক্ষে একবার অনুষ্ঠিত হয়। বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের কোন পরিচালনা বোর্ড সদস্য ক্রমান্বয়ে ৩টি সভায় অনুপস্থিত থাকলে তার সদস্যপদ স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যায় এবং তার স্থলে সরকার অন্য সদস্য অন্তর্ভুক্ত করে। পরিষদ পরিচালনা বোর্ডের মেয়াদ প্রজ্ঞাপন জারির তারিখ হতে পরবর্তী ৩ (তিন) বছর। নতুন পরিচালনা বোর্ড গঠিত না হওয়া পর্যন্ত পূর্বতন সদস্যবৃন্দ চলমান পরিচালনা বোর্ডসমূহে কার্যক্রম অব্যহত থাকবে মর্মে গেজেট বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। প্রকাশিত গেজেট অনুযায়ী বর্তমান পরিচালনা বোর্ডের কার্যক্রম অব্যহত আছে।

**(ক) অফিস বেয়ারার (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | |
|---|---|---|
| ১. | মাননীয় মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সভাপতি |
| ২. | মাননীয় প্রতিমন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | সিনিয়র সহ-সভাপতি |
| ৩. | সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সদস্য |
| ৪. | সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা । | সদস্য |
| ৫. | সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সদস্য |

৬. বিভাগীয় প্রধান, আর্থ-সামাজিক ও অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, আগারগাঁও, ঢাকা। সদস্য
৭. অতিরিক্ত সচিব/ যুগ্মসচিব (প্রশাসন), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদস্য
৮. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা সদস্য
৯. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদফতর, মহাখালী, ঢাকা সদস্য
১০. মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা সদস্য
১১. ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর -১৪, ঢাকা । সদস্য
১২. নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট, ঢাকা । সদস্য
১৩. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা । সদস্য
১৪. চেয়ারম্যান, সমাজকর্ম বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী । সদস্য
১৫. পরিচালক, ইনস্টিটিউট অব সোস্যাল ওয়েলফেয়ার এন্ড রিসার্চ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা সদস্য
১৬ নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ঢাকা । সদস্য সচিব

## (গ) মনোনীত সদস্য

পরিষদ পরিচালনা বোর্ডে দেশের সকল জেলা হতে একজন করে প্রখ্যাত সমাজকর্মী আছেন যার মধ্যে ন্যূনতম ২০ (বিশ জন) মহিলা সদস্য। বর্তমান পরিচালনা বোর্ড সদস্য হিসেবে নিয়মিত জেলা ভিত্তিক প্রখ্যাত সমাজকর্মীবৃন্দেও নাম ও ঠিকানা নিম্নরূপ :

| ক্রমিক | জেলার নাম | প্রখ্যাত পুরুষ ও মহিলা সমাজকর্মীর নাম |
|---|---|---|
| ঢাকা বিভাগ | | |
| ১) | ঢাকা | ড. মোঃ আব্দুল কাইয়ূম লস্কর, ১৯৬/১, শান্তিবাগ, ঢাকা-১২১৭। ফোন নং ০১৭১১৬৭৬৭৩৫ |
| ২) | গাজীপুর | জনাব দিলরুবা ফায়জিয়া, বাড়ী নং-এফ ২২৬, সড়ক নং-জোড়পুকুর পাড় রোড গ্রাম/মহল্লা-জোড়পুকুর পাড়, ডাকঘর, উপজেলা ও জেলা-গাজীপুর। |
| ৩) | মানিকগঞ্জ | জনাব আফসার উদ্দিন সরকার, গ্রাম-বড় ষাইট্যা, পোঃ গড়পাড়া, উপজেলা ও জেলা-মানিকগঞ্জ। ফোন নং ০১৭১২৭৬৩০৭০ |
| ৪) | মুন্সীগঞ্জ | জনাব বেগম নাজমা বেগম, মধ্য কোর্টগাও, মুন্সিগঞ্জ পৌরসভা, মুন্সিগঞ্জ। |
| ৫) | নরসিংদী | জনাব মোঃ নুরুল আমিন, সড়ক নং ১১/এ, ফ্লাট নং-২০, বাড়ী নং-৪৮. ধানমন্ডি, ঢাকা। |
| ৬) | নারায়নগঞ্জ | জনাব খালেদ হায়দার খান কাজল, ফ্ল্যাট-সি-২, টাওয়ার সাইড প্লাজা, হাউজ-২৮, রোড-১৩/এ, ধানমন্ডি, ঢাকা। |
| ৭. | ফরিদপুর | জনাব এ.কে.এম নাছির উদ্দিন চৌধুরী, এ. আর. সিটি সেন্টার, গোয়ালচামট (হাজারতলা), পোঃ ও জেলা: ফরিদপুর। ফোন নং ০১৬৮৪৮১৩৩১১, ০১৯১৯২৪২২৭০ |
| ৮. | রাজবাড়ী | জনাব শামসুন্নাহার চৌধুরী, রোড নং-০২, বাড়ী নং-১৭/এ, ওয়ার্ড নং-০৪, নাহার মঞ্জিল, বেড়াডাঙ্গা, রাজবাড়ী-৭৭০০। |
| ৯. | গোপালগঞ্জ | জনাব মাহমুদা বেগম, ২২৫, মডেল স্কুল রোড, পোঃ, উপজেলা ও জেলা: গোপালগঞ্জ। |
| ১০. | মাদারীপুর | সৈয়দা রোকেয়া বেগম, ৭ মিন্টু রোড, রমনা, ঢাকা ।ফোন নং০১৬১১৬৩৮১৯৮ |
| ১১. | শরীয়তপুর | জনাব আঃ রাজ্জাক সরদার বীর মুক্তিযোদ্ধা, গ্রাম-তুলাসার, পোঃ, উপজেলা ও জেলা: শরিয়তপুর। |
| ১২. | কিশোরগঞ্জ | জনাব শায়লা আহমেদ খান, পূর্ণি ভিলা, খরমপট্টি, কিশোরগঞ্জ। |
| ১৩. | টাংগাইল | বীর মুক্তিযোদ্ধা মোঃ আনিসুর রহমান, আকুর টাকুর পাড়া (বটতলা), টাঙ্গাইল। |
| চট্টগ্রাম বিভাগ | | |
| ১৪ | চট্টগ্রাম | সৈয়দ মোহাম্মদ মোরশেদ, ৩৩৮/এ৫ ,মামিন রোড চেরাগী পাহাড়, চট্টগ্রাম। |
| ১৫ | কক্সবাজার | জনাব কানিজ ফাতেমা আহমেদ, জেলা পরিষদ বাংলো, কক্সবাজার। |
| ১৬ | খাগড়াছড়ি | জনাব বিউটি রানী ত্রিপুরা, মহালছড়ি, দেওয়ানপাড়া, খাগড়াছড়ি সদর, খাগড়াছড়ি। |
| ১৭ | রাংগামাটি | জনাব চিংকিউ রোয়াজা, দক্ষিণ কালিন্দিপুর, রাঙামাটি পার্বত্য জেলা। |

| ক্রমিক | জেলার নাম | প্রখ্যাত পুরুষ ও মহিলা সমাজকর্মীর নাম |
|---|---|---|
| ১৮ | বান্দরবান | জনাব এমিচিং, উজানীপাড়া, ৫ নং ওয়ার্ড, বান্দরবান পৌরসভা, জেলা- বান্দরবান |
| ১৯ | কুমিল্লা | পাপড়ী বসু, ৬১৫, ঝাউতলা, কুমিল্লা। ফোন নং ০৮১৬৪৯৪৯ |
| ২০ | ব্রাহ্মণবাড়ীয়া | আলহাজ্ব আল-মামুন সরকার, সভাপতি, প্রকল্প সমন্বয় পরিষদ, শহর সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়ীয়া। |
| ২১ | চাঁদপুর | ডাঃ সৈয়দা বদরুন্নাহার চৌধুরী, ৭ নং স্টেডিয়াম রোড, চাঁদপুর। |
| ২২ | নোয়াখালী | জনাব মখছুদুল হক, গ্রাম-মাইজদী, নোয়াখালী পৌরসভা, ১নং ওয়ার্ড, মাইজকোর্ট ৩৮০০, উপজেলা- সদর, জেলা- নোয়াখালী। |
| ২৩ | ফেনী | এডভোকেট জাহাঙ্গীর আলম নান্টু, ডরমেটরী ভবন (২য় তলা), পৌর প্রাঙ্গণ, ফেনী পৌরসভা, ৬৩ কলেজ রোড, ফেনী-৩৯০০। |
| ২৪ | লক্ষ্মীপুর | জনাব মোঃ নুর উদ্দিন চৌধুরী নয়ন এম পি, বাঞ্চানগর (৫ নং ওয়ার্ড), পৌরসভা, থানা ও জেলা- লক্ষ্মীপুর। |
| রাজশাহী বিভাগ | | |
| ২৫ | রাজশাহী | জনাব মোঃ মোজাম্মেল হক, বাড়ী নং ২০৭, কাদিরগঞ্জ দড়িখরবোনা, ডাকঘর: রাজশাহী সেনানিবাস, থানা: বোয়ালিয়া, জেলা-রাজশাহী। |
| ২৬ | নওগাঁ | জনাব শাহনাজ বেগম, ৩৪ নং ব্যারাক, উকিলপাড়া, নওগাঁ। |
| ২৭ | চাঁপাইনবাবগঞ্জ | জনাব মোহাঃ সিরাজুল ইসলাম মিঞা, গ্রাম-বেলেপুকুর, পো: উপজেলা ও জেলা- চাঁপাইনবাবগঞ্জ ফোন নং ০১৫৫৯৭৯২৭০১ |
| ২৮ | নাটোর | এ্যাডভোকেট মোঃ সিরাজুল ইসলাম, মহল্লা-কানাইখালী, থানা ও জেলা-নাটোর। ফোন নং ০১৭১৬৬১৭১১৭ |
| ২৯ | বগুড়া | আলহাজ্ব মমতাজ উদ্দিন, কাটনার পাড়া, হটুমিয়া লেন, বগুড়া সদর, বগুড়া। |
| ৩০ | জয়পুরহাট | জনাব নিলুফা জহুর লিলি, কাউন্সিলর জয়পুরহাট পৌরসভা, জয়পুরহাট। ফোন নং ০১৭১৬৭৬২৬৭৯ |
| ৩১ | পাবনা | জনাব আব্দুল মতিন খান, লাহিড়ীপাড়া গোপালপুর, ডাকঘর, উপজেলা ও জেলা-পাবনা। |
| ৩২ | সিরাজগঞ্জ | গাজী এ, কে, এম ফজলুল মতিন মুক্তা, বিড়াল কুঠি, মিরপুর, সিরাজগঞ্জ। |
| রংপুর বিভাগ | | |
| ৩৩ | রংপুর | জনাব রওশনারা চৌধুরী, রাবেয়া নীড়, শালবন, রংপুর। |
| ৩৪ | নীলফামারী | জনাব হাসিনা আহমেদ, বেগম রোকেয়া সড়ক, নীলফামারী সদর, নীলফামারী। ফোন নং ০১৭২৪৯৪৯৮৯৮ |
| ৩৫ | কুড়িগ্রাম | জনাব তৌহিদা ইসলাম স্বপ্না, গ্রাম-খলিলগঞ্জ বাজার আর কে রোড মিলন ট্রেডার্স, পো: খলিলগঞ্জ, উপজেলা-সদর, জেলা-কুড়িগ্রাম। |
| ৩৬ | গাইবান্ধা | অধ্যাপক মাজহারুল মান্নান, বাড়ি-মৃত্তিকা, পাড়া-সুখনগর, ডাকঘর+ উপজেলা- সদর, জেলা-গাইবান্ধা। |
| ৩৭ | লালমনিরহাট | এ্যডঃ নজরুল ইসলাম বসুনিয়া রাজু, সাং-সাপটানা, আদর্শপাড়া, লালমনিরহাট। |
| ৩৮ | দিনাজপুর | জনাব মোঃ শফিকুল ইসলাম, উপশহর ব্লক নং-৫, বাড়ি নং টি-১০, পো: ও জেলা-দিনাজপুর<br>ফোন নং ০১৭২৭৩৭৪১৬১১ |
| ৩৯ | ঠাকুরগাঁও | জনাব মাহবুবুর রহমান বাবুল, সাং-আশ্রমপাড়া, ডাকঘর+উপজেলা+জেলা-ঠাকুরগাঁও<br>ফোন নং ০১৭১৭৩৪৩৯৮৫ |
| ৪০ | পঞ্চগড় | জনাব মোঃ আবু জেকের, গ্রাম-ডোকরোপাড়া, ডাক:, উপজেলা ও জেলা-পঞ্চগড়। |
| খুলনা বিভাগ | | |
| ৪১ | খুলনা | শেখ মোঃ দেলোয়ার হোসেন, ৬৪ গোয়ালখালী (পশ্চিমপাড়া) পো: জি. পি. ও-৯০০০, খালিশপুর, খুলনা। |
| ৪২ | সাতক্ষীরা | অধ্যাপক কাজী মুহম্মদ অলি উল্লাহ, সবজি বাগান, মুনজিতপুর, সদর, সাতক্ষীরা। |
| ৪৩ | বাগেরহাট | অধ্যাপক মোজাফফর হোসেন, পুরাতন বাজার, মেইন রোড, বাগেরহাট। |

| ক্রমিক | জেলার নাম | প্রখ্যাত পুরুষ ও মহিলা সমাজকর্মীর নাম |
|---|---|---|
| ৪৪ | যশোর | আলহাজ্ব মোঃ নাদুর হোসেন বিশ্বাস, ২২১৭, কাজল ভিলা, বাড়ি নং-২২১৭ , শাহ আব্দুল করিম রোড, খড়কী, যশোর। |
| ৪৫ | ঝিনাইদহ | জনাব মোছাঃ ফারহানা ইয়াসমিন, বিজুলিয়া, শৈলকূপা, ঝিনাইদহ। |
| ৪৬ | মাগুরা | জনাব মোঃ রুস্তম আলী উপজেলা চেয়ারম্যান, ৯৯ ছায়াবিথী রোড, মাগুরা। |
| ৪৭ | নড়াইল | খোন্দকার মোহাম্মদ মাসুদ হাসান, শহীদ মুজিব সড়ক, নড়াইল সদর, নড়াইল। |
| ৪৮ | কুষ্টিয়া | এ্যাডভোকেট খন্দকার সামস তানিম (মুক্তি), ১ নং কাজী নজরুল ইসলাম রোড, কোর্ট পাড়া, কুষ্টিয়া। |
| ৪৯ | চুয়াডাঙ্গা | মুন্সি আলমগীর হান্নান, গ্রাম-সিনেমা হল পাড়া, ডাকঘর+উপজেলা+জেলা-চুয়াডাঙ্গা। |
| ৫০ | মেহেরপুর | জনাব মোছাঃ শামিম আরা হিরা, বোসপাড়া, পোঃ + থানা + জেলা - মেহেরপুর। |
| বরিশাল বিভাগ | | |
| ৫১ | বরিশাল | বীর যোদ্ধাহত মুক্তিযোদ্ধা এ, এম, জি, কবীর (ভুলু), কালিবাড়ী রোড (শীতলা খোলা), ওয়ার্ড নং-১৯, সিটি কর্পোরেশন, বরিশাল। |
| ৫২ | ভোলা | জনাব ফজলুর কাদের মজনু, কালিনাথ রায়ের বাজার, ভোলা। |
| ৫৩ | ঝালকাঠি | আলহাজ্ব সরদার মোঃ শাহ আলম, আলম কুঠির, ২৫ ডাক্তার পট্টি, ডাকঘর+উপজেলা+জেলা- ঝালকাঠি। |
| ৫৪ | পিরোজপুর | মৃত্যু জনিত কারণে শূন্য আছে। |
| ৫৫ | পটুয়াখালী | কাজী আলমগীর, দক্ষিণ সবুজবাগ, পৌরসভা, উপজেলা ও জেলা-পটুয়াখালী। |
| ৫৬ | বরগুনা | ডা. মনিজা, থানা পাড়া, উকিলপট্টি, ডাকঘর+উপজেলা+জেলা-বরগুনা। |
| সিলেট বিভাগ | | |
| ৫৭ | সিলেট | সৈয়দা জেবুন্নেছা হক, ২২. তাঁতীপাড়া, ডাকঘর-সিলেট-৩১০০৫ ,জলা-সিলেট। |
| ৫৮ | হবিগঞ্জ | জনাব শাহীদ উদ্দিন চৌধুরী, গ্রাম/মহল্লা-শায়েস্তানগর আ/এ, হবিগঞ্জ পৌরসভা, ডাকঘর+উপজেলা+জেলা–হবিগঞ্জ। |
| ৫৯ | মৌলভীবাজার | সৈয়দ নওশের আলী খোকন, ৩৬ শ্রীমঙ্গল মৌলভীবাজার ।ফোন নং ০১৭১২১১৭৫২৬ |
| ৬০ | সুনামগঞ্জ | জনাব মোঃ নুরুর রব চৌধুরী, ২৬ উপত্যকা, হাছননগর, সুনামগঞ্জ। |
| ময়মনসিংহ বিভাগ | | |
| ৬১ | ময়মনসিংহ | ড. মোঃ সিরাজুল ইসলাম, নির্বাহী পরিচালক, গণকল্যাণ পরিষদ (জিকেপি), বাড়ি নং-৫২২, শম্ভুগঞ্জ বাজার, ময়মনসিংহ। |
| ৬২ | জামালপুর | জনাব অঞ্জু মনোয়ারা বেগম, সর্দারপাড়া (পাঁচ রাস্তার মোড়), জামালপুর পৌরসভা, জামালপুর। |
| ৬৩ | শেরপুর | জনাব শামছুন নাহার কামাল, খরমপুর, মেরপুর টাউন, শেরপুর-২১১০০, শেরপুর। |
| ৬৪ | নেত্রকোনা | জনাব এস. এম. বজলুর কাদের শাহাজাহান, মসজিদ কোয়ার্টার, মোক্তারপাড়া, নেত্রকোণা। |

**(ঘ) সরকার কর্তৃক মনোনীত ৮ (আট) জন বিশিষ্ট সদস্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. শেখ কবির হোসেন, গ্রাম ও পোঃ টুঙ্গীপাড়া, থানাঃ টুঙ্গীপাড়া, জেলাঃ গোপালগঞ্জ।
২. অধ্যাপক ড. এস এম আতীকুর রহমান, ইন্সটিটিউট অব স্যোসাল ওয়েলফেয়ার এন্ড রিসার্চ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩.এম ডি, এনজিও ফাউন্ডেশন মহাখালী, ঢাকা।
৪. সভাপতি, প্রবীণ হিতৈষী সংঘ ও জরা বিজ্ঞান প্রতিষ্ঠান, আগারগাঁও ঢাকা।
৫. জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, ৭৯ এইচ পূর্ব রামপুরা , ঢাকা।
৬. জনাব ফারাহ দিবা দিপ্তি, ৯, চরকঘাটা, টালি অফিস রোড, রায়ের বাজার, ঢাকা-১২০৯
৭. জনাব তানিয়া বাখত, সাধারণ সম্পাদিকা, বাংলাদেশ মহিলা সমিতি, ৪, নাটক স্মরণী, নিউ বেইলী রোড, ঢাকা।
৮. জনাব মোহাম্মদ আরমান বাবু, প্রতিষ্ঠাতা চেয়ারম্যান, ডায়াবেটিক জেনারেল হাসপাতাল, লোহাগাড়া, চট্টগ্রাম।

## ১.৪ পরিষদের নির্বাহী কমিটি

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের সিদ্ধান্ত বাস্তবায়ন এবং পরিষদকে পরামর্শ ও সুপারিশ প্রদানের জন্য পরিষদ সদস্যদের মধ্য হতে ১৫ সদস্য নিয়ে একটি নির্বাহী কমিটি রয়েছে। নির্বাহী কমিটির গঠন নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| ১. | সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সভাপতি |
| ২. | মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা। | সদস্য |
| ৩. | ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর -১৪, ঢাকা। | সদস্য |
| ৪. | মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা। | সদস্য |
| ৫. | অতিরিক্ত সচিব/ যুগ্মসচিব (প্রশাসন), সমাজকল্যাণ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সদস্য |
| ৬. | নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট, ঢাকা। | সদস্য |
| ৭. | ব্যবস্থাপনা পরিচালক, এনজিও ফাউন্ডেশন, মহাখালী, ঢাকা। | সদস্য |
| ৮. | শেখ কবির হোসেন, গ্রাম ও পো: টুঙ্গীপাড়া, থানা: টুঙ্গীপাড়া, জেলা: গোপালগঞ্জ । | সদস্য |
| ৯. | অধ্যাপক ড. এ এস এম আতীকুর রহমান, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা। | সদস্য |
| ১০. | জনাব তানিয়া বাখত, সাধারণ সম্পাদিকা, বাংলাদেশ মহিলা সমিতি, ৪, নাটক স্মরনী, নিউ বেইলী রোড, ঢাকা। | সদস্য |
| ১১. | জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, ৭৯ এইচ পূর্ব রামপুরা , ঢাকা। | সদস্য |
| ১২. | জনাব ফারাহ দিবা দিপ্তি, ৯, চরকঘাটা, টালি অফিস রোড, রায়ের বাজার, ঢাকা-১২০৯। | সদস্য |
| ১৩. | সৈয়দা জেবুন্নেছা হক, ২২. তাঁতীপাড়া, ডাকঘর-সিলেট-৩১০০, জেলা-সিলেট। | সদস্য |
| ১৪. | সভাপতি, প্রবীণ হিতৈষী সংঘ ও জরা বিজ্ঞান প্রতিষ্ঠান, আগারগাঁও ঢাকা। | সদস্য |
| ১৫. | নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ। | সদস্য সচিব |

১.৫ নির্বাহী কমিটির দায়িত্ব ও কার্যাবলি

(১) নির্বাহী কমিটির দায়িত্ব ও কার্যাবলি নিম্নরূপ যথা:

(ক) পরিচালনা বোর্ড কর্তৃক এবং আইনের অধীন গৃহীত সকল সিদ্ধান্ত বাস্তবায়ন করা;

(খ) পরিচালনা বোর্ডকে উহার কার্যাবলি সূচারুরূপে সম্পাদনে সহায়তা প্রদান করা;

(গ) পরিচালনা বোর্ড কর্তৃক অর্পিত সকল কার্যাবলি সম্পাদন, ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করা;

(২) আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার বা প্রযোজ্য ক্ষেত্রে পরিচালনা বোর্ড কর্তৃক সময় সময় প্রদত্ত সকল দায়িত্ব পালন করবে।

(৩) নির্বাহী কমিটি পরিষদের প্রশাসনিক কার্যাবলি সম্পর্কে সময় সময় নির্বাহী সচিবকে প্রয়োজনীয় নির্দেশনা ও পরামর্শ প্রদান করতে পারবে।

(৪) নির্বাহী কমিটি উহার ক্ষমতা প্রয়োগ ও কার্যাবলি সম্পাদনের ক্ষেত্রে পরিচালনা বোর্ডের নিকট দায়ী থাকবে এবং পরিচালনা বোর্ড কর্তৃক সময় সময় নির্দেশনা অনুসরণ করবে।

**২. জেলা সমাজকল্যাণ কমিটি**

**২.১ জেলা সমাজকল্যাণ কমিটির গঠন**

দেশব্যাপী সমাজকল্যাণমূলক কার্যক্রমের পরিধি বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ প্রত্যেক জেলায় একটি করে জেলা সমাজকল্যাণ কমিটি গঠনের আইনি বিধান রয়েছে। জেলা সমাজকল্যাণ কমিটি গঠনের উদ্দেশ্য হলো বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইন-২০১৯ এর উদ্দেশ্য পূরণে স্থানীয়ভাবে কাজ করা। এ কমিটি প্রত্যেক জেলার সরকারি ও বেসরকারি সমাজকল্যাণ প্রতিষ্ঠানসমূহকে সমাজকল্যাণমূলক পরিকল্পনা প্রণয়ন ও তা বাস্তবায়নের পরামর্শ ও প্রয়োজনীয় সাহায্য দিয়ে থাকে। সমাজকল্যাণমূলক বিভিন্ন স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানসমূহের মধ্যে সমন্বয় সাধন এবং তাদের উন্নতিকল্পে বিভিন্ন সরকারি, আধা-সরকারি, বেসরকারি সহযোগিতা নিশ্চিত করা, জেলার চাহিদা অনুসারে সরকারি অথবা বেসরকারি পর্যায়ে নতুন সমাজকল্যাণমূলক কার্যক্রম গ্রহণ করার জন্য জাতীয় সমাজকল্যাণ পরিষদকে সুপারিশ করার মাধ্যমে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের কার্যক্রমকে গতিশীল করে জেলা সমাজকল্যাণ কমিটি। বর্তমানে দেশের ৬৪ জেলায় জেলা সমাজকল্যাণ কমিটি রয়েছে। ৬১টি জেলায় জেলা প্রশাসক এবং ৩টি পার্বত্য জেলায় চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, জেলা সমাজকল্যাণ কমিটির সভাপতি এবং সংশ্লিষ্ট জেলার সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক সদস্য

সচিব। পরিষদের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নের জন্য বর্তমানে মাঠ পর্যায়ে দেশের ৬১টি জেলায় ও অবশিষ্ট ৩টি পার্বত্য জেলায় নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে জেলা সমাজকল্যাণ কমিটি রয়েছে। জেলা সমাজকল্যাণ কমিটি প্রতি দুই মাসে একবার সভায় মিলিত হয়ে থাকেন। জেলা সমাজকল্যাণ কমিটির বেসরকারি সদস্যদের মেয়াদকাল মনোনয়নের তারিখ হতে ০৩ (তিন) বছর।

জেলা সমাজকল্যাণ কমিটির রূপরেখা নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | সভাপতি |
| ২. | সংশ্লিষ্ট জেলার জাতীয় সমাজকল্যাণ পরিষদ পরিচালনা বোর্ডের সদস্য | সহসভাপতি |
| ৩. | সিভিল সার্জন | সদস্য |
| ৪. | সংশ্লিষ্ট জেলার সকল উপজেলা নির্বাহী অফিসার | সদস্য |
| ৫. | জেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৬. | উপপরিচালক, জেলা পবিরার পরিকল্পনা কার্যালয় | সদস্য |
| ৭. | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদফতর | সদস্য |
| ৮. | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদফতর | সদস্য |
| ৯. | জেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| ১০. | উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১১. | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১২. | সংশ্লিষ্ট জেলার সকল উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ১৩. | সিটি কর্পোরেশনের একজন প্রতিনিধি (সংশ্লিষ্ট ক্ষেত্রে) | সদস্য |
| ১৪. | মেয়র, পৌরসভা (সংশ্লিষ্ট ক্ষেত্রে) | সদস্য |
| ১৫. | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত ৩ (তিন) জন বিশিষ্ট সমাজকর্মী | সদস্য |
| ১৬. | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত ২ (দুই) জন বিশিষ্ট মহিলা সমাজকমী | সদস্য |
| ১৭. | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় | সদস্য সচিব |

৩টি পার্বত্য জেলায় জেলা সমাজকল্যাণ কমিটির গঠন নিম্নরূপ

| | | |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, সংশ্লিষ্ট পার্বত্য জেলা | সভাপতি |
| ২. | সংশ্লিষ্ট জেলার জাতীয় সমাজকল্যাণ পরিষদ পরিচালনা বোর্ড সদস্য | সহসভাপতি |
| ৩. | সিভিল সার্জন | সদস্য |
| ৪. | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) | সদস্য |
| ৫. | সংশ্লিষ্ট জেলার সকল উপজেলা নির্বাহী অফিসার | সদস্য |
| ৬. | জেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৭. | উপপরিচালক, জেলা পবিরার পরিকল্পনা কার্যালয় | সদস্য |
| ৮. | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদফতর | সদস্য |
| ৯. | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদফতর | সদস্য |
| ১০. | জেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| ১১. | উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১২. | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১৩. | সংশ্লিষ্ট জেলার সকল উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ১৪. | মেয়র, পৌরসভা (সংশ্লিষ্ট ক্ষেত্রে) | সদস্য |
| ১৫. | চেয়ারম্যান, স্থানীয় সরকার পরিষদ, সংশ্লিষ্ট পার্বত্য জেলা কর্তৃক মনোনীত ২ (দুই) জন বিশিষ্ট সমাজকর্মী ও ১ (এক) জন বিশিষ্ট মহিলা সমাজকর্মী জেলা প্রশাসক কর্তৃক মনোনীত ১(এক) জন বিশিষ্ট সমাজকর্মী ও ১ (এক) জন বিশিষ্ট মহিলা সমাজকর্মী | সদস্য |
| ১৬. | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় | সদস্য সচিব |

## ২.২ জেলা সমাজকল্যাণ কমিটির কার্যাবলি

(ক) জেলায় স্বেচ্ছাসেবী যে সকল সংগঠন ও ব্যক্তি সমাজের কল্যাণে কাজ করছেন তাদেরকে সর্বপ্রকার সাহায্য, সহযোগিতা ও উৎসাহ প্রদান;

(খ) সংশ্লিষ্ট জেলার গ্রামীণ সমাজ এবং শহর অঞ্চলের বিভিন্ন সামাজিক সমস্যাদি চিহ্নিতকরণ এবং ঐ সকল সমস্যা সমাধানের সুপারিশ প্রণয়ন;

(গ) সমাজসেবা অধিদফতর কর্তৃক নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবী সংস্থা/সমিতির কার্যক্রম পর্যবেক্ষণ, পর্যালোচনা, তাদের কর্মকান্ডে উৎসাহ প্রদান এবং সেগুলোকে শক্তিশালী করার পদক্ষেপ গ্রহণ;

(ঘ) বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক বিভিন্ন সংস্থা/সমিতিকে প্রদত্ত অনুদান যথাযথভাবে ব্যবহৃত হওয়ার বিষয়ে পর্যালোচনা;

(ঙ) উপজেলা সমাজকল্যাণ কমিটি কার্যক্রমের ত্রৈমাসিক প্রতিবেদন পরীক্ষা-নিরীক্ষা করা এবং সেগুলোর কার্যক্রম জোরদার করার ব্যাপারে সকল প্রকার সহায়তা প্রদান;

(চ) দেশের সমাজকল্যাণ কার্যক্রম অধিকতর জোরদার ও ফলপ্রসূ করার স্বার্থে সরকার/বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদকে ত্রৈমাসিকভিত্তিতে সুনির্দিষ্ট পরামর্শ প্রদান;

(ছ) আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে স্ব-উদ্যোগে স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন;

(জ) উপযুক্ত স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানকে সরকারি অনুদান প্রদানের জন্য বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের নিকট সুপারিশ পেশ;

(ঝ) সরকারি এবং অসরকারি পর্যায়ে জেলার সমাজকল্যাণমূলক কার্যক্রমের উপর ষাণ্মাসিকভিত্তিতে প্রতিবেদন প্রণয়ন এবং প্রতি বছরের ৩১ জুলাই ও ৩১ জানুয়ারির মধ্যে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদে প্রেরণ;

(ঞ) সমাজকল্যাণ কার্যক্রমে উৎসাহী ও স্বেচ্ছায় দানশীল ব্যক্তিবর্গের নিকট হতে উপযুক্ত রসিদ প্রদান ও যথাযথ হিসাবরক্ষণ সাপেক্ষে অনুদান গ্রহণ;

(ট) জেলা সমাজকল্যাণ কমিটির বাজেট প্রণয়ন ও অনুমোদন এবং

(ঠ) সরকার ও বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

**২.৩ জেলা সমাজকল্যাণ কমিটির অনুকূলে প্রদত্ত অনুদান কি কি কাজে ব্যয় করা যায়**

১। আকস্মিক দৈব দুর্বিপাক/প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত অসহায় দরিদ্র ব্যক্তি/পরিবারকে তাদের আবেদনের প্রেক্ষিতে আর্থিক সহায়তা (ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, বন্যা, ভূমিকম্প, পাহাড়ধস জলবায়ু পরিবর্তনে ক্ষতিগ্রস্ত ইত্যাদি) প্রদান।

২। সড়ক/নৌ/রেল/বিমান দুর্ঘটনায় মারাত্মক ক্ষতিগ্রস্ত দরিদ্র ব্যক্তি/পরিবারকে আর্থিক সহায়তা প্রদান।

৩। অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত দরিদ্র ব্যক্তির চিকিৎসায় সহায়তা প্রদান।

৪। অগ্নিদগ্ধ/এসিড দগ্ধ দরিদ্র ব্যক্তির চিকিৎসায় সহায়তা প্রদান।

৫। দুরারোগ্য ও জটিল রোগে আক্রান্ত দরিদ্র ব্যক্তির চিকিৎসায় সহায়তা প্রদান।

৬। অতিদরিদ্র পরিবারের মেধাবী ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার জন্য সহায়তা প্রদান।

৭। জেলা সমাজকল্যাণ কমিটি পরিস্থিতির যথার্থতা বিবেচনায় তাৎক্ষণিকভাবে ক্ষতিগ্রস্তদের মাঝে অনুদান সহায়তা প্রদান করবে।

### ৩. উপজেলা সমাজকল্যাণ কমিটি

### ৩.১ উপজেলা সমাজকল্যাণ কমিটির গঠন

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ সারা দেশে প্রান্তিক পর্যায়ে সমাজকল্যাণমূলক কার্যক্রম বিস্তৃত এবং সঠিকভাবে পরিচালনার জন্য দেশের প্রতিটি উপজেলায় 'উপজেলা সমাজকল্যাণ কমিটি' গঠন করেছে। উপজেলা সমাজকল্যাণ কমিটি প্রতি মাসে একবার সভায় মিলিত হবে। উপজেলা সমাজকল্যাণ কমিটির বেসরকারি সদস্যদের মেয়াদকাল মনোনয়নের তারিখ হতে (০৩) তিন বছর। উপজেলা নির্বাহী অফিসার এ কমিটির সভাপতি এবং উপজেলা সমাজসেবা কর্মকর্তা সদস্যসচিব।

উপজেলা সমাজকল্যাণ কমিটির রূপরেখা নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২. | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা | সহসভাপতি |
| ৩. | উপজেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৪. | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | সদস্য |
| ৫. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ৬. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ৭. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ৮. | উপজেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| ৯. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ১০. | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) | সদস্য |
| ১১. | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত ২ (দুই) জন প্রখ্যাত সমাজকর্মী | সদস্য |
| ১২. | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত ১ (এক) জন মহিলা সমাজকর্মী | সদস্য |
| ১৩. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্যসচিব |

### ৩.২ উপজেলা সমাজকল্যাণ কমিটির কার্যাবলি

(ক) সংশ্লিষ্ট উপজেলার বিভিন্ন সামাজিক সমস্যা চিহ্নিতকরণ এবং সমাধানের সুপারিশ প্রণয়ন;

(খ) সমাজসেবা অধিদফতর কর্তৃক নিবন্ধনকৃত সকল সমিতি/সংস্থার কার্যক্রম পর্যবেক্ষণ, পর্যালোচনা, তাদের কর্মকান্ডে উৎসাহ প্রদান এবং সেগুলোকে শক্তিশালী করার পদক্ষেপ গ্রহণ;

(গ) বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক বিভিন্ন সংস্থা/সমিতিকে প্রদত্ত অনুদান যথাযথভাবে ব্যবহৃত হওয়ার বিষয় পর্যালোচনা;

(ঘ) উপজেলা সমাজকল্যাণ কমিটির কার্যক্রম জোরদার করার বাস্তব পদক্ষেপ গ্রহণ করা এবং কার্যক্রম সম্পর্কিত ত্রৈমাসিক প্রতিবেদন জেলা সমাজকল্যাণ কমিটিকে প্রেরণ;

(ঙ) আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে স্ব-উদ্যোগে স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন;

(চ) উপযুক্ত স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানকে সরকারি অনুদান প্রদানের জন্য জেলা সমাজকল্যাণ কমিটির নিকট সুপারিশ পেশ;

(ছ) সরকারি এবং বেসরকারি পর্যায়ে উপজেলার সমাজকল্যাণমূলক কার্যক্রমের উপর ষাণ্মাসিকভিত্তিতে প্রতিবেদন প্রণয়ন এবং প্রতি বছরের ১৫ জুলাই ও ১৫ জানুয়ারির মধ্যে জেলা সমাজকল্যাণ কমিটিকে প্রেরণ;

(জ) সমাজকল্যাণ কার্যক্রমে উৎসাহী ও স্বেচ্ছায় দানশীল ব্যক্তিবর্গের নিকট হতে উপযুক্ত রসিদ প্রদান ও যথাযথ হিসাবরক্ষণ সাপেক্ষে অনুদান গ্রহণ;

(ঝ) উপজেলা সমাজকল্যাণ কমিটির বাজেট প্রণয়ন ও অনুমোদন এবং সরকার ও বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

**৩.৩ উপজেলা সমাজকল্যাণ কমিটির অনুকূলে প্রদত্ত অনুদান কি কি কাজে ব্যয় করা হয়**

১। আকস্মিক দৈব দুর্বিপাক/প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত অসহায় দরিদ্র ব্যক্তি/পরিবারকে তাদের আবেদনের প্রেক্ষিতে আর্থিক সহায়তা (ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, বন্যা, ভূমিকম্প, পাহাড়ধস, জলবায়ু পরিবর্তনে ক্ষতিগ্রস্ত ইত্যাদি) প্রদান;

২। সড়ক/নৌ/রেল/বিমান দুর্ঘটনায় মারাত্মক ক্ষতিগ্রস্ত দরিদ্র ব্যক্তি/পরিবারকে আর্থিক সহায়তা প্রদান;

৩। অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত দরিদ্র ব্যক্তির চিকিৎসায় সহায়তা প্রদান;

৪। অগ্নিদগ্ধ/এসিড দগ্ধ দরিদ্র ব্যক্তির চিকিৎসায় সহায়তা প্রদান;

৫। দুরারোগ্য ও জটিল রোগে আক্রান্ত দরিদ্র ব্যক্তির চিকিৎসায় সহায়তা প্রদান;

৬। অতিদরিদ্র পরিবারের মেধাবী ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার জন্য সহায়তা প্রদান;

৭। উপজেলা সমাজকল্যাণ কমিটি পরিস্থিতির যথার্থতা বিবেচনায় তাৎক্ষণিকভাবে ক্ষতিগ্রস্তদের মাঝে অনুদান সহায়তা প্রদান করবে।

**৪. সমাজকল্যাণ ভবন নির্মাণ**

৪.১ মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদনক্রমে ১৩২ নিউ ইস্কাটনস্থ দ্বিতল ভবন বিশিষ্ট ১১.৯৪ কাঠা জমি বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের অনুকূলে বরাদ্দ দেয়া হয়। পরিষদের অনুকূলে বরাদ্দকৃত জমিতে বহুতল বিশিষ্ট 'সমাজকল্যাণ ভবন' (১৫ তলা) নির্মাণের লক্ষ্যে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক প্রণীত ডিপিপি ২২ জুন, ২০২০ খ্রি. একনেক সভায় চূড়ান্ত অনুমোদিত হয়েছে। নিজস্ব জমিতে 'সমাজকল্যাণ ভবন' নির্মাণের কাজ চলমান রয়েছে। বর্তমানে ভবনের তিনটি বেসমেন্টসহ ৩য় তলার ঢালাইয়ের কাজ শেষ পর্যায়ে। নিচে চলমান ভৌত কাজের দুটি অগ্রগতির চিত্র সন্নিবেশ করা হলো:

৪.২ 'সমাজকল্যাণ ভবন' নির্মাণ কাজের আর্থিক অগ্রগতি: বহুতল বিশিষ্ট সমাজকল্যাণ ভবনের ভৌত ও আর্থিক অগ্রগতি প্রায় ২৫%। ভবন প্রকল্পের মেয়াদ জুন/২০২১ এ উত্তীর্ণ হয়ে যাওয়ায় কিছু শর্ত সাপেক্ষে এ প্রকল্পের মেয়াদ ২ বছর অর্থাৎ ৩০ জুন/২০২৩ পর্যন্ত বর্ধিত করা হয়েছে।

২০২১-২০২২ অর্থবছরের উদ্বৃত্ত অর্থ সমর্পণ বিবরণী

১২৯-সমাজকল্যাণ মন্ত্রণালয়

**কার্যক্রম/প্রকল্পের নাম: ২২৪৩০৭৯০০-সমাজকল্যাণ ভবন নির্মাণ**

প্রাতিষ্ঠানিক কোড: ১৩১০০৭৬০০-বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ

(অংকসমূহ হাজার টাকায়)

| খাত ও অর্থনৈতিক কোড | বিবরণ | মুল বাজেট | পুন:উপযোজনসহ সংশোধিত বাজেট | প্রকৃত ব্যয় | উদ্বৃত্ত(+)/ঘাটতি (-) | মন্তব্য (উদ্বৃত্ত/ঘাটতি থাকার কারন) |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৩৮২৩১০১ | প্রকল্প আবর্তক ব্যয় | ২০০০.০০ | ২০০০.০০ | ২০০০.০০০ | ০.০০০ | |
| ৪২১১১০১ | প্রকল্প মূলধন ব্যয় | ১৯৮০০০.০০ | ৯৮০০০.০০ | ৯৮০০০.০০০ | ০.০০০ | |
| **সর্বমোট-সমাজকল্যাণ ভবন নির্মাণ:** | | **২০০০০০.০০** | **১০০০০০.০০** | **১০০০০০.০০** | **০.০০** | |

## ৫. বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের ২০২১-২০২২ অর্থবছরের আর্থিক বিবরণী (Financial Statement):

সরকার কর্তৃক প্রণীত বাৎসরিক বাজেটে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের অনুকূলে প্রতিবছর একটি নির্দিষ্ট পরিমান অর্থ বরাদ্দ প্রদান করে থাকে। তারই ধারাবাহিকতায় ২০২১-২০২২ অর্থবছরের সংশোধিত বাজেটে ৩৬৩১-আবর্তক অনুদান খাতে ৭৭.১৪ কোটি এবং ৩৬৩২-মূলধন অনুদান খাতে ৪১.০০ কোটি টাকাসহ মোট ৭৭.৫৫ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়। বরাদ্দকৃত অর্থের সিংহভাগ অর্থই বিভিন্ন শ্রেনির স্বেচ্ছাসেবী সংগঠন, ৫২৫টি রোগীকল্যাণ সমিতি, জেলখানা কয়েদীদের পুনর্বাসন, শহরসমাজ উন্নয়ন পরিষদ (UCD), জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠান, জেলা ও উপজেলা সমাজকল্যাণ কমিটির অনুকূলে অনুদান হিসেবে প্রদান করা হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরের অধিকাংশ অনুদান EFT পদ্ধতির আওতায় ব্যাংক হিসাবের মাধ্যমে সরাসরি প্রদান করা হয়েছে। এছাড়া সমাজের দরিদ্র,অসহায়, প্রতিবন্ধী, মেধাবী ছাত্র ছাত্রীদের অনুকূলেও অনুদান বিতরণ করা হয়েছে। ব্যক্তি পর্যায়ের অধিকাংশ অনুদান G2P পদ্ধতির আওতায় বিকাশ লিঃ-এর মাধ্যমে সরাসরি উপকারভোগীর যাচাইকৃত (Verified) মোবাইল নম্বরে প্রেরণ করা হয়েছে। পরিচালন ব্যয় খাতে বরাদ্দকৃত অর্থ হতে সংস্থাপন, সেবা/সরবরাহ, মেরামত/সংরক্ষণ, বিভিন্ন ক্রয়, বিভিন্ন দিবস উদযাপন, প্রশিক্ষণ, সভা-সেমিনার-কনফারেন্স আয়োজনসহ দাপ্তরিক ব্যয় নির্বাহ করা হয়ে থাকে। এছাড়া, “৩৬৩১১১০৮-গবেষণা অনুদান” খাতভুক্ত অর্থ অর্থ হতে প্রায় ৩০.০০ লক্ষ টাকা ব্যয়ে বিভিন্ন বিষয় ভিত্তিক সাতটি গবেষণা কার্যক্রম পরিচালিত হয়। “৩২৩১৩০১-প্রশিক্ষণ” উপখাতে বিভাজিত অর্থ হতে অভ্যন্তরীণ প্রশিক্ষণসহ স্বেচ্ছাসেবী সংগঠনের প্রতিনিধিদের ‘সমাজকল্যাণমূলক সংগঠনের ব্যবস্থাপনা ও কর্মীদের দক্ষতা উন্নয়ন’ প্রশিক্ষণ আয়োজন করা হয় । নদীভাঙ্গানে ভিটামাটিহীন/ক্ষতিগ্রস্থ ও বস্তিবাসীদের পুনর্বাসনে আবাসন নির্মাণ এবং চা-বাগান শ্রমিকদের জীবনমান উন্নয়ন ও টেকসই আবাসন নির্মাণ বাবদ মোট ১১.০০ কোটি টাকা ব্যয় করা হয়। ২০২১-২০২২ অর্থবছরের বাজেট বরাদ্দ, প্রকৃত ব্যয় বিবরণী নিম্নরূপঃ

### ১২৯-সমাজকল্যাণ মন্ত্রণালয়

### “১৩১০০৭৬০০-বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ”

### ২০২১-২২ অর্থবছরের খাতভিত্তিক বাজেট বরাদ্দ, প্রকৃত ব্যয় ও অব্যয়িত অর্থের বিবরনী

(হাজার টাকায়)

| ক্র. নং | অর্থনৈতিক কোড (বিবরণ) | | বাজেট | সংশোধিত বাজেট | এ যাবৎ ব্যয় | উদ্বৃত্ত(+)/ ঘাটতি(-) | মন্তব্য (উদ্বৃত্ত/ঘাটতির কারন) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২১-২২ | ২০২১-২২ | ২০২১-২২ | ২০২১-২২ | ২০২১-২২ |
| ১ | ২ | | ৩ | ৪ | ৫ | ৬ (৪-৫) | ৭ |
| | **৩৬** | অনুদান | | | | | |
| | **৩৬৩১** | আবর্তক অনুদান (ক) | | | | | |
| ১ | ৩৬১১১০১ | বেতন বাবদ সহায়তা | ১২৭০০.০০ | ১২৭০০.০০ | ৮১৫০.৫৪ | ৪৫৪৯.৪৬ | বিদ্যমান জনবল কাঠামোভুক্ত ১৫(পনের)টি স্থায়ী পদ শূন্য থাকায় বেতন খাতে উদ্বৃত অর্থ অব্যয়িত রয়েছে। |
| ২ | ৩৬১১১০২ | ভাতাদি বাবদ সহায়তা | ১২১০০.০০ | ১৩২২৫.০০ | ৭৬৪৪.৫৯ | ৫৫৮০.৪১ | “ঐ” |
| ৩ | ৩৬৩১১০৩ | পন্য ও সেবা বাবদ সহায়তা | ৬১০০০.০০ | ৬১০০০.০০ | ৩১৭৮৪.০৪ | ২৯২১৫.৯৬ | কোভিড-১৯ জনিত কারনে প্রাক্কলিত বৈদেশিক প্রশিক্ষণ/রিফ্রেসার্শ কোর্স, অভ্যন্তরীণ ভ্রমন ইত্যাদি না হওয়ায়, বোর্ড সভাসহ অন্যান্য সভা, সেমিনার/ কর্মশালা অনলাইন প্লাটফর্মে হওয়ায় এবং ব্যয়ের ক্ষেত্রে কৃচ্ছ সাধন করার এ খাতে উদ্বৃত অর্থ অব্যয়িত রয়েছে। |
| ৪ | ৩৬৩১১০৪ | পেনশন ও অবসর সুবিধা | ৫০০০.০০ | ৫০০০.০০ | ৪৫৮৬.৬০ | ৪১৩.৪০ | |
| ৫ | ৩৬৩১১০৮ | গবেষণা অনুদান | ৩৫০০.০০ | ৩৫০০.০০ | ২৯৭০.০০ | ৫৩০.০০ | |
| ৬ | ৩৬৩১১৯৯ | অন্যান্য অনুদান | ৬৭৬০০০.০০ | ৬৭৬০০০.০০ | ৬৭৫৭০০.০০ | ৩০০.০০ | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| **মোট আবর্তক অনুদান (ক)** | | | ৭৭০৩০০.০০ | ৭৭১৪২৫.০০ | ৭৩০৮৩৫.৭৭ | ৪০৫৮৯.২৩ | |
| | **৩৬৩২** | মূলধন অনুদান (খ) | | | | | |
| ৭ | ৩৬৩২১০২ | যন্ত্রপাতি অনুদান | ৯০০.০০ | ৯০০.০০ | ১৬১.০৮ | ৭৩৮.৯২ | পরিষদের বর্তমান দাপ্তরিক কার্যক্রম অস্থায়ীভাবে ভাড়াকৃত ভবনে পরিচালিত হচ্ছে মর্মে উপযোগিতা বিবেচনায় অর্থ ব্যয় আবশ্যক না হওয়ায় এ খাতের অথ অব্যয়িত রয়েছে। |
| ৮ | ৩৬৩২১০৫ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অনুদান | ২২০০.০০ | ২২০০.০০ | ৬৪.৬০ | ২১৩৫.৪০ | |
| ৯ | ৩৬৩২১০৬ | অন্যান্য মূলধন অনুদান | ১০০০.০০ | ১০০০.০০ | ১৭.০০ | ৯৮৩.০০ | |
| **মোট মূলধন অনুদান (খ)** | | | ৪১০০.০০ | ৪১০০.০০ | ২৪২.৬৮ | ৩৮৫৭.৩২ | |
| **মোট=বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ(ক+খ):** | | | ৭৭৪৪০০.০০ | ৭৭৫৫২৫.০০ | ৭৩১০৭৮.৪৫ | ৪৪৪৪৬.৫৫ | |

## ৬. পরিষদ পরিচালনা বোর্ড সভা অনুষ্ঠান

দেশব্যাপী বিস্তৃত বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের সমাজকল্যাণমূলক কার্যক্রমের অবস্থা পর্যালোচনা এবং সমাজকল্যাণমূলক কার্যক্রমের পরিসর বৃদ্ধির লক্ষ্যে সিদ্ধান্ত গ্রহণের উদ্দেশ্যে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ পরিচালনা বোর্ড প্রতি বছর ন্যূনতম ১ (এক) বার সভায় মিলিত হয়। ২০২১-২০২২ অর্থবছরে ১৯.০৬.২০২২ তারিখে ৪৭তম বোর্ড সভা ভার্চুয়াল(Zoom platform) এ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন মাননীয় মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়। সভায় পরিচালনা বোর্ডের সহসভাপতি ও মাননীয় প্রতিমন্ত্রী মোঃ আশরাফ আলী খান এমপি, সমাজকল্যাণ মন্ত্রণালয় ও সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ জাহাঙ্গীর আলম সহ  সম্মানিত সদস্য সংযুক্ত ছিলেন।

## ৭. নির্বাহী কমিটির সভা অনুষ্ঠান

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ পরিচালনা বোর্ড সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য বছরে ন্যূনতম ২টি নির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হয়ে থাকে। ২০২১-২০২২ অর্থবছরে  নির্বাহী কমিটির ২টি সভা অনুষ্ঠিত হয়েছে। ০৯-০৯-২০২১ খ্রি. অনুষ্ঠিত ২০২১-২০২২ অর্থবছরের নির্বাহী কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন জনাব মাহফুজা আখতার, সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়। গত ২৩-০৫-২০২২ তারিখে ২০২১-২০২২ অর্থবছরের নির্বাহী কমিটির  ২য় সভা অনুষ্ঠিত হয়।  উক্ত সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় ও সভায় নির্বাহী কমিটির অন্যান্য সম্মানিত সদস্যগণ উপস্থিত ছিলেন।

# ৮. ২০২১-২২ অর্থবছরের উল্লেখযোগ্য কার্যক্রম

## ৮.১ এক নজরে ২০২১-২০২২ অর্থবছরের কার্যক্রম

| ক্রমিক নং | কার্যক্রমের বিবরণ | | প্রতিষ্ঠান/ব্যক্তি/ উপকরণের সংখ্যা | অর্থের পরিমাণ (টাকায়) |
|---|---|---|---|---|
| ১. | জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানকে অনুদান | | ১৬টি | ১,৫০,০০,০০০/- |
| ২. | নিবন্ধিত সাধারণ স্বেচ্ছাসেবী সংগঠনকে অনুদান | | ৪৫০২টি | ১১,০০,০০,০০০/- |
| ৩. | সমন্বয় পরিষদকে অনুদান, [শহর সমাজ সেবার মাধ্যমে (UCD)] | | ৮০টি | ২,৫০,০০,০০০/- |
| ৪. | দুঃস্থ, অসহায় রোগীদের চিকিৎসা সেবা ও উপকরণ প্রদান (রোগীকল্যাণ সমিতির মাধ্যমে) | | ৫২৫টি | ১৫,০০,০০,০০০/- |
| ৫. | সাজাপ্রাপ্ত আসামীদের দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ (অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতির মাধ্যমে) | | ৬৪টি | ১,০০,০০,০০০/- |
| ৬. | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদকে অনুদান | | ১টি | ১,০০,০০,০০০/- |
| ৭. | জেলা সমাজকল্যাণ কমিটিকে অনুদান | | ৬৪টি | ৬,০০,০০,০০০/- |
| ৮. | উপজেলা সমাজকল্যাণ কমিটিকে অনুদান | | ৪৯২টি | ২,৪৬,০০,০০০/- |
| ৯. | ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের জীবনমান উন্নয়ন | | ৫৩৬৩ জন | ২,০০,০০,০০০/- |
| ১০. | ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের ছাত্র/ছাত্রীদের শিক্ষা সহায়তা | | ৫৩৬৩ জন | ২,০০,০০,০০০/- |
| ১১. | নদীভাঙ্গনে ভিটামাটিহীন/ক্ষতিগ্রস্থ ও বস্তিবাসীদের পুনর্বাসনে আবাসন নির্মাণ | | ২৯১ টি | ৭,০০,০০,০০০/- |
| ১২. | চা-বাগান শ্রমিকদের জীবনমান উন্নয়ন ও টেকসই আবাসন নির্মাণ | | ১০০টি | ৪,০০,০০,০০০/- |
| ১৩. | প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থদের পুনর্বাসন | | ২৫টি | ২,৬৫,০০,০০০/- |
| ১৪. | ভিক্ষাবৃত্তি নিরসন ও পুনর্বাসন | | ১১০টি | ১,১১,০০,০০০/- |
| ১৫. | গবেষণা কার্যক্রম | | ৭টি | ২৭,৭০,০০০/- |
| ১৬. | বিশেষ অনুদান | ক. প্রতিবন্ধী, গরীব, মেধাবী শিক্ষার্থীদের আর্থিক সহায়তা | ১৯১৩ জন | ১,৬৭,৩৫,০০০/- |
| | | খ. ব্যক্তি পর্যায়ে বিশেষ অনুদান | ৭৩৯৭ | ৮,৩৫,০০,০০০/- |
| | | **সর্বমোট =** | **২৬৩১৩** | **৬৭,৮৪,৭০,০০০/-** |

## ৮.২. জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানকে অনুদান

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ এর ২০১১ সালের নীতিমালার আলোকে সমাজকল্যাণমূলক কার্যক্রমে জড়িত বেসরকারি স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানকে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃতি প্রদান করা হয়ে থাকে। জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠান পরিচালিত কার্যক্রম দ্বারা দেশের অসংখ্য মানুষ বিভিন্নভাবে উপকৃত হয়ে থাকে। ২০২১-২০২২

অর্থবছরে ১৬টি জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানকে ১,৫০,০০,০০০/-(এক কোটি পঞ্চাশ লক্ষ ) টাকা অনুদান প্রদান করা হয়েছে। অনুদান প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের তালিকা নিচে দেয়া হলো:

## ২০২১-২০২২ অর্থবছরে অনুদানপ্রাপ্ত জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানসমূহের তালিকা

| ক্র: নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | ২০২১-২০২২ অর্থবছরে সুপারিশকৃত অনুদান | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | বাংলাদেশ প্রবীণ হিতৈষী সংঘ ও জরা বিজ্ঞান প্রতিষ্ঠান ই-১০, প্রবীণ ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭, রেজিঃ নং ঢ-২৩৯ তাং-২৯-১১-৬২ | ১৫ লক্ষ | |
| ২ | সন্ধানী ভবন, ৩৩/২ নীলক্ষেত, বাবুপুরা, নিউমার্কেট, ঢাকা, রেজি নংঃ ঢ-০১৮০৮/৮৫ তাং-২৭-১১-১৯৮৫ | ৭ লক্ষ | |
| ৩ | সোসাইটি ফর দ্য ওয়েল ফেয়ার অব দ্য ইন্টেলেকচুয়ালী ডিএসবল্ড, (সুইড)বাংলাদেশ । ৪/এ ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০। রেজিঃ নং ঢ-০৬৯১/৭৮, তাং-২০-১০-১৯৭৮ | ২০ লক্ষ | |
| ৪ | বাংলাদেশ পরিবার পরিকল্পনা সমিতি (এফপিএবি), নয়াপল্টন, ওয়ার্ড নং-১৩, পোঃ ১০০০; জিপিও বক্স নং ৩৭১৪, ঢাকা। রেজিঃ নং ১২২৮, তাং-১৫-০৫-১৯৬৪ | ৮ লক্ষ | |
